Hifzul Quran Online Institute

# আল-কুরআনের দোয়াসমূহ



# দুআ-

- দুআ মানে আল্লাহর কাছে সাহায্য প্রার্থনা। অবিরাম তার সহযোগিতা চাওয়া। এর মূল কথা আল্লাহর কাছে নিজের অসহায়ত্ব মেলে ধরা। কোনো কিছু বদল করার শক্তি-সামর্থ্য যে তার নেই, দুআ তা দেখিয়ে দেয়। এটি দাসত্ব-বন্ধনের নিশানা। এর মাঝেই স্রষ্টার অধীনস্থ থাকার অনুভূতি। দুআ শব্দটি দিয়ে আল্লাহর প্রশংসাও বোঝায়। তাঁর বদান্যতা ও মহানুভবতার পরিচয় দেয়।
- ইবনুল কায়্যিম বলেছেন-'দুআ মানে কল্যাণকর কিছুর প্রার্থনা। ক্ষতিকর কিছু সরিয়ে ফেলা বা তাড়িয়ে দেওয়ার আকুতি।"

## দুআ এক ধরনের ইবাদাত:

মহান আল্লাহ রাব্বুল আলামিন বলছেন- ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ إِنَّ الَّذِينَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِي سَيَدْخُلُونَ جَهَنَّمَ دَاخِرِينَ.'আমাকে ডাকো, আমি তোমাদের ডাকে সাড়া দেবো। অহংকারবশে যারা আল্লাহর ইবাদাত করে না, তারা লাঞ্ছিত অবস্থায় জাহান্নামে ঢুকবে।' [কুরআন, ৪০ : ৬০] আমাদের প্রিয়নবি মুহাম্মাদ তা আরও স্পষ্ট করে বলে গেছেন, দুআ হলো ইবাদাত। দুআ কেবল ইবাদাতের একটি ধরন নয়; বরং অন্যতম এক ইবাদাতের নাম। আল্লাহর নিকটবর্তী হওয়ার সেরা উপায়গুলোর একটি।

# দুআ এক ধরনের ইবাদাত:

- একটি আয়াতে আল্লাহ তায়ালা গোটা দ্বীনের সঙ্গে দুআকে তুলনা করেছেন-.هُوَ الْحَيُّ لَا إِلَٰهَ إِلَّا هُوَ فَادْعُوهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ‘
- -তিনি চিরজীবী। তিনি ছাড়া আর কেউ উপাসনার যোগ্য নেই। দ্বীনকে তাঁর প্রতি নিবেদিত করে কেবল তাঁকেই ডাকো।"[কুরআন, ৪০: ৬৫]
- গোটা দ্বীনের সঙ্গে দুআ বাদে আর কোনো ইবাদাতের তুলনা করা হয়নি। আর কোনো কিছুকে ইবাদাতের সঙ্গে সম্পৃক্ত করা হয়নি।

# দুআর মর্যাদা ও ফায়দা

- ১. আল্লাহর দৃষ্টিতে সবচেয়ে মহৎ কাজ
- ২. দুআ সেরা ইবাদাত
- ৩. দুআ ঈমানের লক্ষণ
- ৪. দুআ করা মানে আল্লাহকে মানা
- ৫. আল্লাহ দুআকারীর নিকটে
- ৬. দুআর কারণে আল্লাহ মানুষের প্রতি খেয়াল করে
- ৭. দুআ আল্লাহর বদান্যতার নিদর্শন
- ৮. দুআ বিনয়ের লক্ষণ
- ৯. দুআ আল্লাহর রাগকে সরিয়ে দেয়
- ১০. জাহান্নামের আগুন থেকে নিষ্কৃতির মাধ্যম দুআ



# দুআর আদব-

১. আল্লাহর তারিফ এবং নবির প্রতি দরুদ
২. আল্লাহর মহান মহান নাম ধরে আর্জি
৩. দুহাত জড়ো করে তোলা
৪. কাবার দিকে মুখ ফেরানো
৫. অজু
৬. চোখের পানি ফেলা
৭. আল্লাহর থেকে সর্বোত্তম কিছু চাওয়া
৮. বিনয় ও ভয় রেখে দুআ
৯. শুধু আল্লাহর কাছে অভিযোগ
১০. নীরবে দুআ
১১. নিজের পাপ স্বীকার
১২. কাকুতি-মিনতি
১৩. দুআর ব্যাপারে প্রত্যয়ী
১৪. আল্লাহর নাম ও গুণাবলির যুৎসই ব্যবহার
১৫. দুআ করুন তিনবার
১৬. অল্পকথায় বেশি বোঝায় এমন দুআ
১৭. নিজেকে দিয়ে দুআ শুরু
১৮. সব মুসলিমের জন্য দুআ
১৯. আমিন বলা
২০. সবসময় দুআ করা
২১. যেকোনো বিষয় আল্লাহর কাছে চান
২২. চান প্রাণ খুলে
২৩. দুআ কবুলের অনুকূল পরিস্থিতিতে চাওয়া
২৪. দুআ কবুলের অনুকূল সময়ে চাওয়া

Hifzul Quran Online Institute

# দুআ করার সুবর্ণ সময়:

| | | |
|---|---|---|
| ১,রাতের তিন ভাগের শেষ ভাগ<br>২. রাতের এক বিশেষ মুহূর্ত<br>৩. আজানের সময়<br>৪. আজান ও ইকামাতের মধ্যবর্তী সম<br>৫. সালাতের সময়<br>৬.সিজদার সময়<br>৭. সূরা ফাতিহা তিলাওয়াতের সময়<br>৯. সালাত শেষ হওয়ার আগে<br>১০. সালাত শেষে দুআ | ১১. লড়াইয়ের ময়দানে<br>১২. শুক্রবারের বিশেষ এক মুহূর্ত<br>১৩. রাতে ঘুম ভাঙলে<br>১৪. অজু করার পর<br>১৫. জমজমের পানি পানের আগে<br>১৬. রামাদান মাসে<br>১৭. কদরের রাতে<br>১৮. কাবার ভেতরে<br>১৯. সাফা-মারওয়াতে<br>২০. জামারাতে পাথর ছোড়ার পর | ২১. আরাফাতের দিনে<br>২২. জিলহাজ্জ মাসের প্রথম দশ দিন<br>২৩. রোগী দেখার সময়<br>২৪. মৃত্যুর সময়<br>২৫. বৃষ্টির সময়<br>২৬. জোহরের আগে |

## দোআ-১

Hifzul Quran Online Institute

### আল-ফুরকান-২৫:৭৪




رَبَّنَا هَبْ لَنَا مِنْ اَزْوَاجِنَا وَ ذُرِّيّٰتِنَا

قُرَّةَ اَعْيُنٍ وَّ اجْعَلْنَا لِلْمُتَّقِيْنَ اِمَامًا

'হে আমাদের রব, আপনি আমাদেরকে এমন স্ত্রী ও সন্তানাদি দান করুন যারা আমাদের চক্ষু শীতল করবে। আর আপনি আমাদেরকে মুত্তাকীদের নেতা বানিয়ে দিন'।

দোআ-২




• رَبِّ اجۡعَلۡنِیۡ مُقِیۡمَ الصَّلٰوۃِ وَ مِنۡ ذُرِّیَّتِیۡ ٭ۖ رَبَّنَا وَ تَقَبَّلۡ دُعَآءِ

رَبَّنَا اغۡفِرۡ لِیۡ وَ لِوَالِدَیَّ وَ لِلۡمُؤۡمِنِیۡنَ یَوۡمَ یَقُوۡمُ الۡحِسَابُ

হে আমার প্রতিপালক! আমাকে নামাজ কায়েমকারী করুন এবং আমার বংশধরদের মধ্য হতেও; হে আমাদের প্রতিপালক! আমার দোয়া কবুল কর। (৪০) হে আমার প্রতিপালক! যেদিন হিসাব হবে সেদিন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মু'মিনদেরকে ক্ষমা করুন। (৪১) (সূরা-ইব্রাহীম : ৪০-৪১)

## দোআ- ৩

### সূরা নূহ : ২৮

- رَبِّ اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ وَلِمَنْ دَخَلَ بَيْتِيَ مُؤْمِنًا وَلِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَلَا تَزِدِ الظَّالِمِينَ إِلَّا تَبَارًا

- হে আমার প্রতিপালক! আপনি ক্ষমা করুন আমাকে, আমার পিতা-মাতাকে এবং যারা মুমিন হয়ে আমার গৃহে প্রবেশ করে তাদেরকে এবং মুমিন পুরুষ ও মুমিন নারীদেরকে, আর জালিমদের শুধু ধ্বংসই বৃদ্ধি করুন।

## দোআ-৪

- رَبَّنَا لَا تُزِغْ قُلُوبَنَا بَعْدَ إِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً إِنَّكَ أَنْتَ الْوَهَّاب

- হে আমাদের প্রতিপালক! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্য লঙ্ঘন প্রবণ করো না এবং তোমার নিকট হতে আমাদেরকে করুণা দাও, নিশ্চয় তুমি মহাদাতা। (আল ইমরান-৮)

# দোআ-৫

Hifzul Quran Online Institute

- رَبَّنَا عَلَيْكَ تَوَكَّلْنَا وَإِلَيْكَ أَنَبْنَا وَإِلَيْكَ الْمَصِيرُ
- رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِلَّذِينَ كَفَرُوا وَاغْفِرْ لَنَا رَبَّنَا إِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيم

- *হে আমাদের প্রতিপালক! আমরা তো আপনারই উপর নির্ভর করছি, আপনারই অভীমুখী হয়েছি এবং প্রত্যাবর্তন তো আপনারই নিকট। হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে কাফেরদের পীড়নের পাত্র করবেন না, হে আমাদের প্রতিপালক! আপনি আমাদেরকে ক্ষমা করুন! আপনি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (সূরা-মুমতাহিনা : ৪-৫)*

# দোআ- ৬

- رَبَّنَا ظَلَمْنَا أَنْفُسَنَا وَإِنْ لَمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ
- *হে আমাদের প্রতিপালক! আমরা আমাদের নিজেদের প্রতি অন্যায় করেছি, আপনি যদি আমাদেরকে ক্ষমা না করেন, তবে আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে পড়ব। (সূরা- আ'রাফ ২৩)*

Hifzul Quran Online Institute

## দোআ- ৭

- رَبَّنَا أَتْمِمْ لَنَا نُورَنَا وَاغْفِرْ لَنَا إِنَّكَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

- *হে আমাদের প্রতিপালক! আমাদের জ্যোতিকে পূর্ণতা দান কর এবং আমাদেরকে ক্ষমা কর, নিশ্চয় তুমি সর্ব বিষয়ে সর্বশক্তিমান। (সূরা তাহরিম- ৮)*

## দোআ- ৮

- رَبَّنَآ اٰمَنَّا بِمَآ اَنْزَلْتَ وَ اتَّبَعْنَا الرَّسُوْلَ فَاكْتُبْنَا مَعَ الشّٰهِدِيْنَ

- হে আমাদের রব, আপনি যা নাযিল করেছেন তার প্রতি আমরা ঈমান এনেছি এবং আমরা রাসূলের অনুসরণ করেছি। অতএব, আমাদেরকে সাক্ষ্যদাতাদের তালিকাভুক্ত করুন সুরা আল-ইমরান- ৫৩

## দোআ-৯

- رَبِّ اغْفِرْ وَارْحَمْ وَأَنْتَ خَيْرُ الرَّاحِمِينَ

- হে আমার প্রতিপালক! ক্ষমা কর ও দয়া কর, তুমিই তো সর্বশ্রে ‘দয়ালু।(সূরা- মুমিনুন : ১১৮)

# দোআ- ১০

- لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا اِلَّا وُسْعَهَا لَهَا مَا كَسَبَتْ وَ عَلَيْهَا مَا اكْتَسَبَتْ رَبَّنَا لَا
  تُؤَاخِذْنَآ اِنْ نَّسِيْنَآ اَوْ اَخْطَاْنَا ۚ رَبَّنَا وَ لَا تَحْمِلْ
- عَلَيْنَآ اِصْرًا كَمَا حَمَلْتَهٗ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِنَا ۚ رَبَّنَا وَ لَا تُحَمِّلْنَا مَا لَا
  طَاقَةَ لَنَا بِهٖ ۚ وَ اعْفُ عَنَّا وَ اغْفِرْ لَنَا وَ ارْحَمْنَا اَنْتَ مَوْلٰىنَا
- فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ *(সুরা বাকারা ২৮৬)*

# দোআ-১০

Hifzul Quran Online Institute

- আল্লাহ কোন ব্যক্তিকে তার সামর্থ্যের বাইরে দায়িত্ব দেন না। সে যা অর্জন করে তা তার জন্যই এবং সে যা কামাই করে তা তার উপরই বর্তাবে। হে আমাদের রব! আমরা যদি ভুলে যাই, অথবা ভুল করি তাহলে আপনি আমাদেরকে পাকড়াও করবেন না। হে আমাদের রব, আমাদের উপর বোঝা চাপিয়ে দেবেন না, যেমন আমাদের পূর্ববর্তীদের উপর চাপিয়ে দিয়েছেন। হে আমাদের রব, আপনি আমাদেরকে এমন কিছু বহন করাবেন না, যার সামর্থ্য আমাদের নেই। আর আপনি আমাদেরকে মার্জনা করুন এবং আমাদেরকে ক্ষমা করুন, আর আমাদের উপর দয়া করুন। আপনি আমাদের অভিভাবক। অতএব আপনি কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন।( সুরা বাকারা ২৮৬)

Hifzul Quran Online Institute

# দোআ-১১

- رَبَّنَا مَا خَلَقْتَ هٰذَا بَاطِلًا ۚ سُبْحٰنَکَ فَقِنَا عَذَابَ النَّارِ ﴿١٩١﴾
- رَبَّنَآ اِنَّکَ مَنْ تُدْخِلِ النَّارَ فَقَدْ اَخْزَیْتَهٗ ؕ وَ مَا لِلظّٰلِمِیْنَ مِنْ اَنْصَارٍ ﴿١٩٢﴾
- رَبَّنَآ اِنَّنَا سَمِعْنَا مُنَادِیًا یُّنَادِیْ لِلْاِیْمَانِ اَنْ اٰمِنُوْا بِرَبِّکُمْ فَاٰمَنَّا ۖ۫ رَبَّنَا فَاغْفِرْ

  لَنَا ذُنُوْبَنَا وَ کَفِّرْ عَنَّا سَیِّاٰتِنَا وَ تَوَفَّنَا مَعَ الْاَبْرَارِ ﴿١٩٣﴾ۚ
- رَبَّنَا وَ اٰتِنَا مَا وَعَدْتَّنَا عَلٰی رُسُلِکَ وَ لَا تُخْزِنَا یَوْمَ الْقِیٰمَةِ ؕ اِنَّکَ لَا

  تُخْلِفُ الْمِیْعَادَ ﴿١٩٤﴾

# দোআ-১১ - অর্থ

- 'হে আমাদের রব, তুমি এসব অনর্থক সৃষ্টি করনি। তুমি পবিত্র মহান। সুতরাং তুমি আমাদেরকে আগুনের আযাব থেকে রক্ষা কর'।
- 'হে আমাদের রব, নিশ্চয় তুমি যাকে আগুনে প্রবেশ করাবে, অবশ্যই তাকে তুমি অপমান করবে। আর যালিমদের জন্য কোন সাহায্যকারী নেই'
- হে আমাদের রব, নিশ্চয় আমরা শুনেছিলাম একজন আহবানকারীকে, যে ঈমানের দিকে আহবান করে যে, 'তোমরা তোমাদের রবের প্রতি ঈমান আন'। তাই আমরা ঈমান এনেছি। হে আমাদের রব আমাদের গুনাহসমূহ ক্ষমা করুন এবং বিদূরিত করুন আমাদের ত্রুটি-বিচ্যুতি, আর আমাদেরকে মৃত্যু দিন নেককারদের সাথে'।
- 'হে আমাদের রব, আর আপনি আমাদেরকে তা প্রদান করুন যার ওয়াদা আপনি আমাদেরকে দিয়েছেন আপনার রাসূলগণের মাধ্যমে। আর কিয়ামতের দিনে আপনি আমাদেরকে অপমান করবেন না। নিশ্চয় আপনি অঙ্গীকার ভঙ্গ করেন না'। (সূরা আল-ইমরান-১৯১-১৯৪)

# দোআ-১২

- رَّبِّ اَعُوۡذُ بِکَ مِنۡ ہَمَزٰتِ الشَّیٰطِیۡنِ ﴿۹۷﴾
- وَ اَعُوۡذُ بِکَ رَبِّ اَنۡ یَّحۡضُرُوۡنِ ﴿۹۸﴾

- হে আমার রব, আমি শয়তানের প্ররোচনা থেকে আপনার কাছে পানাহ চাই।
- আর হে আমার রব, আমার কাছে তাদের উপস্থিতি হতে আপনার কাছে পানাহ চাই।'(সূরা মুমিনুন-৯৭-৯৮)

## দোআ-১৩

- اِنَّـآ اٰمَنَّا بِرَبِّنَا لِيَغْفِرَ لَنَا خَطٰيٰنَا
- নিশ্চয় আমরা আমাদের রবের প্রতি ঈমান এনেছি, যাতে তিনি আমাদের অপরাধসমূহ ক্ষমা করে দেন।(সূরা তোয়াহা-৭৩)

- **দোআ-১৪**
- رَبَّنَآ اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَّ تَوَفَّنَا مُسْلِمِيْنَ ﴿١٢٦﴾
- হে আমাদের রব, আমাদেরকে পরিপূর্ণ ধৈর্য দান করুন এবং মুসলিম হিসাবে আমাদেরকে মৃত্যু দান করুন।' (সুরা আল-আরাফ-১২৬)

## দোআ-১৫

- رَبِّ ابْنِ لِیْ عِنْدَکَ بَیْتًا فِی الْجَنَّۃِ

- 'হে আমার রব, আপনার কাছে আমার জন্য জান্নাতে একটি ঘর বানিয়ে দাও।
- (সুরা তাহরিম-১১)

- ## দোআ-১৬

- رَبَّنَآ اَفْرِغْ عَلَیْنَا صَبْرًا وَّ ثَبِّتْ اَقْدَامَنَا وَ انْصُرْنَا عَلَی الْقَوْمِ الْکٰفِرِیْنَ۰۲۵

- 'হে আমাদের রব, আমাদের উপর ধৈর্য ঢেলে দিন, আমাদের পা স্থির রাখুন এবং আমাদেরকে কাফের জাতির বিরুদ্ধে সাহায্য করুন'। (সূরা বাকারা-২৫০)

# দোআ-১৭

- رَبِّ اِنِّیۡۤ اَعُوۡذُ بِکَ اَنۡ اَسۡـَٔلَکَ مَا لَـیۡسَ لِیۡ بِہٖ عِلۡمٌ ؕ وَ اِلَّا تَغۡفِرۡ لِیۡ وَ تَرۡحَمۡنِیۡۤ اَکُنۡ مِّنَ الۡخٰسِرِیۡنَ

- *'হে আমার রব, যে বিষয়ে আমার জ্ঞান নেই তা চাওয়া থেকে আমি অবশ্যই আপনার আশ্রয় চাই। আর যদি আপনি আমাকে মাফ না করেন এবং আমার প্রতি দয়া না করেন, তবে আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাব'।(সূরা হুদ-৪৭)*

## দোআ-১৮

- عَلَى اللهِ تَوَكَّلْنَا ؕ رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَ بَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَ اَنْتَ خَيْرُ الْفٰتِحِيْنَ ﴿٨٩﴾

- আল্লাহরই উপর আমরা তাওয়াক্কুল করি। হে আমাদের রব, আমাদের ও আমাদের কওমের মধ্যে যথার্থ ফয়সালা করে দিন। আর আপনি শ্রেষ্ঠ ফয়সালাকারী। (সূরা আরাফ- ৮৯)

# দোআ-১৯

- رَبَّنَا اصۡرِفۡ عَنَّا عَذَابَ جَهَنَّمَ ٭ۖ اِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا
- اِنَّهَا سَآءَتۡ مُسۡتَقَرًّا وَّ مُقَامًا

- *হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের থেকে জাহান্নামের শাস্তি দূর কর, তার শাস্তি তো ভয়াবহ,*
- *নিশ্চয় তা অবস্থানস্থল ও আবাসস্থল হিসেবে অত্যন্ত নিকৃষ্ট (সূরা ফুরকান ৬৫-৬৬)*

# দোআ-২০

- رَبِّ اَوْزِعْنِیْٓ اَنْ اَشْکُرَ نِعْمَتَکَ الَّتِیْٓ اَنْعَمْتَ عَلَیَّ وَ عَلٰی وَالِدَیَّ وَ اَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضٰىهُ وَ اَصْلِحْ لِیْ فِیْ ذُرِّیَّتِیْ ؕ اِنِّیْ تُبْتُ اِلَیْکَ وَ اِنِّیْ مِنَ الْمُسْلِمِیْنَ ﴿۱۵﴾

# দোআ-২০

- ‘হে আমার রব, আমাকে সামর্থ্য দাও, তুমি আমার উপর ও আমার মাতা-পিতার উপর যে নিআমত দান করেছ, তোমার সে নিআমতের যেন আমি শোকর আদায় করতে পারি এবং আমি যেন সৎকর্ম করতে পারি, যা তুমি পছন্দ কর। আর আমার জন্য তুমি আমার বংশধরদের মধ্যে সংশোধন করে দাও। নিশ্চয় আমি তোমার কাছে তাওবা করলাম এবং নিশ্চয় আমি মুসলিমদের অন্তর্ভুক্ত’। সূরা আহকাফ-১৫

# দোআ-২১

- رَبِّ هَبۡ لِیۡ حُکۡمًا وَّ اَلۡحِقۡنِیۡ بِالصّٰلِحِیۡنَ ﴿۸۳ۙ﴾
- وَ اجۡعَلۡ لِّیۡ لِسَانَ صِدۡقٍ فِی الۡاٰخِرِیۡنَ ﴿۸۴ۙ﴾
- وَ اجۡعَلۡنِیۡ مِنۡ وَّرَثَۃِ جَنَّۃِ النَّعِیۡمِ ﴿۸۵ۙ﴾
- وَ لَا تُخۡزِنِیۡ یَوۡمَ یُبۡعَثُوۡنَ ﴿۸۷ۙ
- ‘হে আমার রব, আমাকে প্রজ্ঞা দান করুন এবং আমাকে সৎকর্মশীলদের সাথে শামিল করে দিন।‘এবং পরবর্তীদের মধ্যে আমার সুনাম-সুখ্যাতি অব্যাহত রাখুন’, ‘আর আপনি আমাকে সুখময় জান্নাতের ওয়ারিসদের অন্তর্ভুক্ত করুন’। ‘আর যেদিন পুনরুত্থিত করা হবে সেদিন আমাকে লাঞ্ছিত করবেন না’। (সূরা শুয়ারা- ৮৩- ৮৭)

## দোআ-২২

- رَبِّ اَوۡزِعۡنِیۡۤ اَنۡ اَشۡکُرَ نِعۡمَتَکَ الَّتِیۡۤ اَنۡعَمۡتَ عَلَیَّ وَ عَلٰی وَالِدَیَّ وَ اَنۡ اَعۡمَلَ صَالِحًا تَرۡضٰىهُ وَ اَدۡخِلۡنِیۡ بِرَحۡمَتِکَ فِیۡ عِبَادِکَ الصّٰلِحِیۡنَ ﴿۱۹﴾

- 'হে আমার রব, তুমি আমার প্রতি ও আমার পিতা-মাতার প্রতি যে অনুগ্রহ করেছ তার জন্য আমাকে তোমার শুকরিয়া আদায় করার তাওফীক দাও। আর আমি যাতে এমন সৎকাজ করতে পারি যা তুমি পছন্দ কর। আর তোমার অনুগ্রহে তুমি আমাকে তোমার সৎকর্মপরায়ণ বান্দাদের অন্তর্ভুক্ত কর'। (সূরা নামল-১৯)

# দোআ-২৩

- رَبِّ هَبْ لِىْ مِنْ لَّدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً ۚ اِنَّكَ سَمِيْعُ الدُّعَآءِ ﴿٣٨﴾

- ‘হে আমার রব, আমাকে আপনার পক্ষ থেকে উত্তম সন্তান দান করুন। নিশ্চয় আপনি প্রার্থনা শ্রবণকারী’। (সূরা- আল ইমরান- ৩৮)

# দোআ-২৪

- رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَ اِسْرَافَنَا فِیْۤ اَمْرِنَا وَ ثَبِّتْ اَقْدَامَنَا وَ انْصُرْنَا عَلَی الْقَوْمِ الْكٰفِرِیْنَ ﴿۱۴۷﴾

- ‘হে আমাদের প্রতিপালক! আমাদের অপরাধগুলো এবং আমাদের কাজ-কর্মে বাড়াবাড়িগুলোকে তুমি ক্ষমা করে দাও, আমাদেরকে দৃঢ়পদ রেখ এবং কাফিরদলের উপর আমাদেরকে সাহায্য কর।’ (সূরা- আল ইমরান-১৪৭)

# দোআ-২৫

- رَبِّ انْصُرْنِىْ عَلَى الْقَوْمِ الْمُفْسِدِيْنَ ﴿٣٠﴾

- হে আমার প্রতিপালক! ফাসাদ সৃষ্টিকারী সম্প্রদায়ের বিরুদ্ধে আমাকে সাহায্য কর।(সূরা আন কাবুত- ৩০)

# দোআ-২৬

رَبَّنَا اغْفِرْ لَنَا وَ لِاِخْوَانِنَا الَّذِيْنَ سَبَقُوْنَا بِالْاِيْمَانِ وَ لَا تَجْعَلْ

فِىْ قُلُوْبِنَا غِلًّا لِّلَّذِيْنَ اٰمَنُوْا رَبَّنَآ اِنَّكَ رَءُوْفٌ رَّحِيْمٌ ﴿١٠﴾

*‘হে আমাদের রব, আমাদেরকে ও আমাদের ভাই যারা ঈমান নিয়ে আমাদের পূর্বে অতিক্রান্ত হয়েছে তাদেরকে ক্ষমা করুন; এবং যারা ঈমান এনেছিল তাদের জন্য আমাদের অন্তরে কোন বিদ্বেষ রাখবেন না; হে আমাদের রব, নিশ্চয় আপনি দয়াবান, পরম দয়ালু।‘সূরা হাশর-১০*

# দোআ-২৭

- رَبِّ اشْرَحْ لِیْ صَدْرِیْ
- وَ یَسِّرْ لِیْۤ اَمْرِیْ
- وَ احْلُلْ عُقْدَةً مِّنْ لِّسَانِیْ

- ‘হে আমার রব, আমার বুক প্রশস্ত করে দিন,এবং আমার কাজ সহজ করে দিন,
- ‘আর আমার জিহবার জড়তা দূর করে দিন।(সূরা- ত্বা-হা : ২৫-২৭)

# দোআ-২৭

- رَبَّنَا آَتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآَخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ

- *হে আমাদের প্রতিপালক! আমাদের দুনিয়াতে কল্যাণ দাও এবং আখেরাতে কল্যাণ দাও এবং আমাদেরকে অগ্নির শাস্তি হতে রক্ষা।(**সূরা-বাকারা : ২০১)***

# দোআ-২৮

- رَّبِّ اَدۡخِلۡنِیۡ مُدۡخَلَ صِدۡقٍ وَّ اَخۡرِجۡنِیۡ مُخۡرَجَ صِدۡقٍ وَّ اجۡعَلۡ لِّیۡ مِنۡ لَّدُنۡکَ سُلۡطٰنًا نَّصِیۡرًا ﴿۸۰﴾
- ‘হে আমার প্রতিপালক! আমাকে (যেখানেই) প্রবেশ করাও, (সেটা কর) সত্য ও সম্মানের প্রবেশ, আর আমাকে (যেখান হতেই) বের কর, (সেটা কর) সত্য ও সম্মানের বহির্গমন, আর তোমার নিকট হতে আমাকে এক সাহায্যকারী শক্তি দান কর। (সুরা বনী ইসরাঈল- ৮০)

Hifzul Quran Online Institute

## দোআ-২৯

- رَبِّ احْكُمْ بِالْحَقِّ ؕ وَ رَبُّنَا الرَّحْمٰنُ الْمُسْتَعَانُ عَلٰى مَا تَصِفُوْنَ ﴿۱۱۲﴾

- হে আমার রাব্ব! আপনি ন্যায়ের সাথে ফাইসালা করে দিন।আর আমাদের রব তো পরম করুণাময়। তোমরা যা বলছ সে বিষয়ে তিনিই একমাত্র সহায়স্থল।

(সূরা আম্বিয়া-১১২)

## দোআ- ৩০

- مَعَاذَ اللّٰهِ اِنَّهٗ رَبِّیۡۤ اَحۡسَنَ مَثۡوَایَ ؕ اِنَّهٗ لَا یُفۡلِحُ الظّٰلِمُوۡنَ

- ‘আমি আল্লাহর আশ্রয় নিচ্ছি। তিনি আমার রবব, তিনি আমার থাকার ব্যবস্থা কত উত্তম করেছেন, যালিমরা কক্ষনো সাফল্য লাভ করতে পারে না।

(সূরা উইসুফ-২৩)